দৈনিক ইনকিলাব

তারিখ ... ... ... ...SEP 0.1.19
পৃঃ ২৭ কলাম [illegible]

24

# বরিশাল বেসরকারী প্রাথমিক শিক্ষক সমিতির সমাবেশে চাকরি জাতীয়করণের দাবী

বরিশাল ব্যুরো ঃ বাংলাদেশ বেসরকারী প্রাথমিক শিক্ষক সমিতি'র বরিশাল বিভাগীয় সমাবেশ থেকে অবিলম্বে তাদের চাকরি জাতীয়করণের একদফা দাবী মেনে নেয়ার জন্য সরকারের প্রতি আহবান জানানো হয়েছে। অন্যথায় দেশের এক লাখ বেসরকারী প্রাথমিক শিক্ষক সমিতি তাদের ন্যায্য দাবী আদায়ের লক্ষ্যে পুনরায় রাজপথকেই বেছে নেবে বলে হুঁশিয়ারি উচ্চারণ করেছে। গত ১ সেপ্টেম্বর (বুধবার) বরিশাল টাউন হলে কেন্দ্রীয় সভাপতি এম, সামসুল আলম-এর সভাপতিত্বে বিভাগের বিভিন্ন ও জেলার শিক্ষকদের এক সমাবেশে সমিতির মহাসচিব আলহাজ আব্বাস আলী শেখ প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন। সমাবেশে অন্যান্যের মধ্যে কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক মৃগেন্দ্র মোহন সাহা, দপ্তর সম্পাদক যতিশ চন্দ্র মণ্ডল, বগুড়ার শিক্ষক নেতা খায়রুল আলম, সিরাজগঞ্জ জেলার আমিরুল ইসলাম, অলিউল্লাহ, পটুয়াখালীর মিজানুর রহমান, বরগুনার আলমগীর কবির, পিরোজপুরের আবু হানিফ আকন, ঝালকাঠীর হাসান ইমাম নান্নু, ভোলার মোঃ মোসলেহ উদ্দিন, মোঃ ফারাজী ও বরিশালের আবুল কালাম আজাদ বক্তব্য রাখেন।